# 113877 - যে ব্যক্তি মীকাত পার হয়ে যাওয়ার পর ইহরাম বেঁধেছে

প্রশ্ন

প্রশ্ন: আমি ও আমার স্ত্রী এ বছর হজ্জে গিয়েছি। আবুধাবি থেকে আমাদের বিমান জেদ্দার উদ্দেশ্যে ছেড়ে গিয়েছে। বিমানের ক্যাপ্টেন ছিল অমুসলিম। সে আমাদেরকে জানাল যে, ৪৫ মিনিট পর আমরা মীকাতের সমান্তরালে পৌঁছাব। এই সময় পার হওয়ার পর সে আমাদেরকে আর কিছু বলেনি। এক পর্যায়ে আমরা শুনতে পেলাম যে, বিমানের যাত্রীরা তালবিয়া পড়া শুরু করেছেন। এমতাবস্থায় আমাদের উপর কি দম (পশু জবাই) ফরজ হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আলহামদুলিল্লাহ।

যদি আপনারা মীকাত অতিক্রম করার পর ইহরাম বেঁধে থাকেন তাহলে আপনার উপর ওয়াজিব হচ্ছে- আপনার পক্ষ থেকে একটি ছাগল ও আপনার স্ত্রীর পক্ষ থেকে একটি ছাগল জবাই করা। আপনারা ছাগলদ্বয় মক্কায় জবাই করে এর গোশত মক্কার মিসকীনদের মধ্যে বণ্টন করে দিবেন।

আল-মাওসুআ আল-ফিকহিয়্যাতে এসেছে-যে ব্যক্তি ইহরাম ছাড়া মীকাত অতিক্রম করেছে তার উপর ওয়াজিব হচ্ছে- সম্ভব হলে মীকাতে ফিরে যাওয়া। যদি সে ব্যক্তি মীকাতে ফিরে এসে সেখান থেকে ইহরাম বাঁধে তাহলে তার উপর দম (পশু জবাই) বর্তাবে না। এটি সর্বসম্মত মত। কারণ সে যে মীকাত থেকে ইহরাম বাঁধতে আদিষ্ট হয়েছে সেই মীকাত থেকে সে ইহরাম বেঁধেছে। আর যদি সে মীকাত অতিক্রম করার পর ইহরাম বেঁধে ফেলে; এরপর সে মীকাতে ফিরে যাক কিংবা না যাক— তার উপর দম ওয়াজিব হবে। এটি মালেকী ও হাম্বলি মাযহাবের অভিমত।

শাইখ বিন বায (রহঃ) কে জিজ্ঞেস করা হয়েছিল: হজ্জ-উমরাতে (ইহরাম ছাড়া) মীকাত অতিক্রম করার হুকুম কি?

উত্তরে তিনি বলেন: যদি কোন মুসলিম হজ্জ কিংবা উমরা পালনের নিয়তে বের হয় তাহলে ইহরাম ছাড়া মীকাত অতিক্রম করা জায়েয নেই। যদি সে ইহরাম ছাড়া মীকাত অতিক্রম করে ফেলে তাহলে তার উপর ওয়াজিব হচ্ছে মীকাতে ফিরে গিয়ে সেখান থেকে ইহরাম বেঁধে আসা। যদি সে তা না করে; মীকাত পরবর্তী কোন স্থান থেকে কিংবা মক্কার নিকটবর্তী কোন স্থান থেকে ইহরাম বাঁধে তাহলে অনেক আলেমের মতে, তার উপর দম (পশু জবাই) ওয়াজিব হবে। সে পশুটি মক্কায় জবাই করে এর গোশত মিসকীনদের মধ্যে বণ্টন করে দিতে হবে। যেহেতু সে একটি ওয়াজিব আমল তথা নির্দিষ্ট মীকাত থেকে ইহরাম বাঁধা

ছড়েে দয়িছে।সংক্ষপেতি ও সমাপ্ত [শাইখ বনি বাযরে ফতোয়াসমগ্র (৯/১৭)]

শাইখ উছাইমীনকে জজ্ঞিাসে করা হয়ছেলি: উমরা আদায় করার নয়িতে আমি রয়িাদ থকেে জদ্দোর উদ্দশ্যেে বমিানে চড়ছে।ি বমিানরে ক্যাপ্টনে ঘোষণা করলনে য,ে ২৫ মনিটি পর আমরা মীকাতরে উপর দয়িে আকাশ পথ অতক্রিম করব। কন্তিু নর্দিষ্টি সময়রে ৪/৫ মনিটি পর আমার বষিয়টি খয়োল হল। আমরা আমাদরে উমরা শষে করলাম। শাইখ, এখন এর হুকুম কী?

উত্তরে শাইখ বলনে: আলমেগণরে মতামত অনুযায়ী এ প্রশ্নকারীকে মক্কাতে একটি ছাগল জবাই করে এর গোশত গরীবদরে মধ্যে বণ্টন করে দতিে হব।ে যদি গরীবদরে না পায় তাহলে আল্লাহ তাআলা কাউকে তার সাধ্যরে অতরিক্তি দায়ত্বি দনে না।

তবে আমি মুসলমি ভাইদরেকে নসহিত করব: ক্যাপ্টনে যখন ঘোষণা করে য,ে আর মাত্র ২৫ মনিটি বাকী আছে আপনারা তখনি ইহরাম বধেঁে ফলেুন। কারণ কছিু লোক এ ঘোষণার পর ঘুময়িে পড়;ে সে যখন সজাগ হয় তখন বমিান জদ্দো বমিান বন্দররে কাছাকাছি চলে এসছে।ে আপনি যদি মীকাতে পৌঁছার পাঁচ মনিটি আগ,ে দশ মনিটি আগ,ে এক ঘণ্টা আগে কংিবা দুই ঘণ্টা আগে ইহরাম বধেঁে ফলেনে এতে কোন অসুবধিা নইে। বরং নষিদ্ধি হচ্ছ-ে মীকাত অতক্রিম করার পর ইহরাম বাঁধা। পাঁচ মনিটিে বমিান অনকে দূর পর্যন্ত চলে যায়।

তাই আমি প্রশ্নকারী ভাইকে বলছ:ি আপনাদরে প্রত্যকেরে পক্ষ থকেে মক্কাতে একটি পশু জবাই করে এর গোশত গরীবদরে মাঝে বণ্টন করে দনি। আর ভবষ্যিতে সাবধান থাকবনে; ক্যাপ্টনেরে ঘোষণার পরপর ইহরাম বধেঁে ফলেুন। যদি আপনারা ঘুময়িওে পড়নে এতে কোন অসুবধিা নইে।[আল-লকিা আশ-শাহর;ি নং-৫৬; প্রশ্ন নং-4]

আল্লাহই ভাল জাননে।